বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা
বার্ড এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২
১ম কোয়ার্টার প্রতিবেদন এর প্রমাণক ক্রমিক নং ৯.১

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী ২০২১-২০২২**

তারিখ: ২৪ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, ভারপ্রাপ্ত পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, উপ-পরিচালক (পল্লী অর্থনীতি), বার্ড;
৪। জনাব আবু তালেব, উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির প্রথম সভা অদ্য ২৪/০৮/২০২১ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৭/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। মহাপরিচালক বলেন, মন্ত্রীপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী গত ১ জুলাই ২০২১ হতে নতুন আঙ্গিকে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন শুরু হয়েছে। অদ্যকার সভায় বার্ডের অনুমোদিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক আলোচনা শুরু করার জন্য আহ্বান জানান। কমিটির সদস্য-সচিব জনাব আবদুল্লাহ আল হুসাইন ২০২১-২০২২ এর কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে প্রথম সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | প্রথম কোয়ার্টারের অংশীজনের সভা আগামী ৩১/০৮/২০২১ তারিখ বার্ডে চলমান প্রশিক্ষণ কোর্সসমূহের প্রশিক্ষণার্থীবৃন্দ এবং এর সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যদের নিয়ে আয়োজন করা হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ১.৫ (ক) স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত: বিভিন্ন নোটিস বোর্ড, প্রবেশ পথ এবং সমাবেশস্থলে স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত নির্দেশনা প্রদর্শন | আগামী ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে একাডেমির অফিস এলাকার দুটি প্রবেশপথ, ১টি মিলনায়তন, ২টি সম্মেলন কক্ষ, ২টি শ্রেণিকক্ষ, এবং ১টি ক্যাফেটেরিয়ার অভ্যন্তরে স্বাস্থ্যবিধি অনুসরণ সংক্রান্ত নির্দেশনা প্রদর্শন করার ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নোট দিতে হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ১.৫ (খ) পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি সংক্রান্ত: রোস্টার অনুসরণ করে ক্যাম্পাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ | পরিস্কার-পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত কর্মীদের সমন্বয়ে এলাকাভিত্তিক পরিস্কার-পরিচ্ছন্নতা কাজ নিশ্চিতকরণে আগামী ৩১/০৮/২০২১ তারিখের মধ্যে একটি রোস্টার প্রণয়ন করার ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নোট দিতে হবে। | বাগান শাখা, অবধায়ন শাখা |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৫ (গ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত: অকেজো মালামালের নিলাম আয়োজন | অকেজো মালামাল যেন পড়ে থেকে নষ্ট না হয়ে যায় সে লক্ষে আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে (অকেজো মালামাল থাকা সাপেক্ষে) একটি নিলাম আয়োজন করে অকেজো মালামালসমূহ বিক্রয় করার ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে প্রশাসন বিভাগ/নিলাম কমিটির সভাপতিকে একটি পত্র/নোট দিতে হবে। | পরিচালক (প্রশাসন), নিলাম কমিটির সভাপতি এবং স্টোর শাখা |
| ৩.২। একাডেমির কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে তথা অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়নে বার্ষিক পরিকল্পনা ও মূল্যায়ন সম্মেলন আয়োজন | আসন্ন বার্ষিক পরিকল্পনা সম্মেলন আগামী ২৮-২৯ আগস্ট ২০২১ তারিখ আয়োজনের সম্ভাব্য তারিখ নির্ধারণ হয়েছে। সম্মেলনটি সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ৩.৩। RFQ এবং OTM পদ্ধতিতে ক্রয়কৃত পণ্যের গুণগত মান এবং সংখ্যা বার্ডের মানযাচাই কমিটির মাধ্যমে যাচাই নিশ্চিতকরণ | বিগত সভায় RFQ এবং OTM পদ্ধতিতে সম্পন্ন প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে 'মান যাচাই কমিটি পণ্যের গুণগত মান এবং সংখ্যা নিশ্চিত করে একটি প্রতিবেদন দাখিল করবেন' মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। মান যাচাই কমিটির সভাপতিকে এ বিষয়ে একটি পত্র/নোট দিতে হবে। | সভাপতি, মান যাচাই কমিটি |
| ৩.৪। হোস্টেল ও বাগান শাখায় পণ্য ও সেবা গ্রহীতার নিকট হতে আদায়কৃত অর্থের বিপরীতে রশিদ প্রদান নিশ্চিতকরণ | পণ্য ও সেবা গ্রহীতার নিকট হতে আদায়কৃত অর্থের বিপরীতে ১০০% রশিদ প্রদান নিশ্চিতকরণে হোস্টেল ও বাগান শাখাকে অনুরোধ করা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩.৫। সম্পদের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণের স্বার্থে বিভিন্ন শাখার মালামালের ভৌত মজুদ পরীক্ষণ | বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী চলতি অর্থবছরের প্রশাসন বিভাগ এর উদ্যোগে ২য় কোয়ার্টারে ২টি এবং ৩য় ও ৪র্থ কোয়ার্টারে ১টি করে মোট ৪টি শাখা/বিভাগের মালামালের ভৌত মজুদ পরীক্ষণ করতে হবে। প্রশাসন বিভাগকে এ বিষয়ে একটি পত্র/নোট দিতে হবে। | পরিচালক (প্রশাসন) |

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৮/২০২১

(আবদুল্লাহ আল হুসাইন)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

২৪/৮/২১

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।